দৈনিক বাংলা

তারিখ 0 1 JAN 1993
পৃষ্ঠা ... কলাম ...

/2

### প্রধানমন্ত্রীর সভানেত্রীত্বে উচ্চ পর্যায়ের বৈঠকে সিদ্ধান্ত

# আজ থেকে সব স্কুলে প্রাথমিক শিক্ষা অবৈতনিক বাধ্যতামূলক

আজ (১ জানুয়ারি, ১৯৯৩) থেকে সারা দেশে সকল স্কুলে বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা চালু হচ্ছে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সভানেত্রীত্বে বৃহস্পতিবার ঢাকায় এক উচ্চ পর্যায়ের বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়। বৈঠকে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং চলতি বছরে কাজে সন্তোষ প্রকাশ করা হয়। ১৯৯২ সালে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রমের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করে প্রধানমন্ত্রী একে সামাজিক আন্দোলনে রূপ দেয়ার আহবান জানান। খবর বাসসর।

বৈঠকে বলা হয় যে জেলা, থানা ও ওয়ার্ডসহ বিভিন্ন পর্যায়ে গণসচেতনতা সৃষ্টি করা হয়েছে। অর্থমন্ত্রী এম সাইফুর রহমান, শিক্ষামন্ত্রী জমিরউদ্দীন সরকার, পরিকল্পনামন্ত্রী জহিরউদ্দীন খান, শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ ইউনুস খান, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব কে এম রব্বানী ও প্রাথমিক ও

(৭-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## আজ থেকে সব স্কুলে

( প্রথম পাতার পর )

গণশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব উপস্থিত ছিলেন।

১৯৯২ সালের ১ জানুয়ারি ৬৪টি জেলার ৬৮টি থানায় বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা চালু করা হয়। ইউনিসেফ জরীপ রিপোর্টের উদ্ধৃতি দিয়ে বৈঠকে বলা হয় যে ৩০ শতাংশ স্কুল এলাকায় সাফল্যের হার শতকরা একশ' ভাগ– স্কুলে যাবার বয়েসী সকল শিশু স্কুলে যায়। আরও জানানো হয় যে বাকি এলাকাগুলোতে সাফল্যের হার শতকরা ৯১ ভাগ। বৈঠকে গণসাক্ষরতা কার্যক্রমের অগ্রগতিতেও সন্তোষ প্রকাশ করা হয়।